

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২০৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস আমাদের কিছু ইমামকে এই সংশয়ে ফেলে দেয় যে, এই বৃদ্ধা এই সালাতে একাকী ছিলেন না, তার সাথে আরেকজন মহিলা ছিলেন, সেই হাদীসের বর্ণনা

ذِكْرُ خَبَرٍ أَوْهَمَ بَعْضَ أَئِمَّتِنَا أَنَّ الْعَجُوزَ في هذا الصَّلَاةِ لَمْ تَكُنْ مُنْفَرِدَةً وَكَانَ مَعَهَا امْرَأَةً أخرى

আরবী

2203 _ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بِنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ الْمُخْتَارِ يُحَدِّثُ عَنْ مُوسَى بْنِ بْنُ جَعْفَرٍ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ قَالَ: سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ الْمُخْتَارِ يُحَدِّثُ عَنْ مُوسَى بْنِ مُالِك: أَنَّهُ كَانَ هُوَ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأُمُّهُ وَخَالَتُهُ فَصَلَّى بِهِمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَجَعَلَ أنساً عن يمينه وأمه وخالته خلفهما

الراوي: أنس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2203 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (622)

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: قَدْ جَعَلَ بَعْضُ أَئِمَّتِنَا - رَحْمَةُ اللَّهِ عَلَيْهِمْ - خَبَرَ إِسْحَاقَ بُنِ أَبِي طَلْحَةَ عَنْ أَنسٍ خَبَرًا مُخْتَصَرًا وَخَبَرَ مُوسَى بْنِ أَنسٍ هَذَا متقصَّى لَهُ وَزَعَمَ أَنَّ بُنِ أَنسٍ هَذَا متقصَّى لَهُ وَزَعَمَ أَنَّ أُمَّ سُلَيْمٍ كَانَ مَعَهَا مِثْلُهَا خَالَةُ أَنسِ بْنِ مَالِكٍ وَلَيْسَ عِنْدَنَا كَذَلِكَ لِأَنَّهُمَا صَلَاتَانِ فِي مَوْضِعَيْن مُتَبَاينَيْن لَا صلاة واحدة.

বাংলা

২২০৩. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি তার মা ও তার খালাকে নিয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত আদায় করেন। সে সময় তিনি আনাস রাদ্বিয়াল্লাহু আনহুকে তাঁর



ডানে রাখেন আর তার মা ও খালাকে তাদের পিছনে রাখেন।"[1]

আবৃ হাতিম ইবনু হিবানে রহিমাহুল্লাহ বলেন, "আমাদের কিছু ইমাম আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহুর হাদীসকে সংক্ষিপ্ত আর মুসা বিন আনাসের এই হাদীসকে বিস্তারিত সাব্যস্ত করেছেন। তার ধারণায় সেই বৃদ্ধার সাথে আনাস রাদ্বিয়াল্লাহু আনহুর মা উম্মু সুলাইম, ও তার খালাও ছিলেন। কিন্তু আমাদের মতে, ব্যাপারটি এমন নয়। কেননা দুটো সালাত ভিন্ন ভিন্ন জায়গায় আদায় করা হয়েছে; এক সালাত নয়।"

ফুটনোট

[1] নাসাঈ: ২/৮৬; মুসনাদ আহমাদ: ৩/২৫৮; সহীহ মুসলিম: ৬৬০; আবূ দাউদ: ৬০৯; নাসাঈ: ২/৮৬; ইবনু মাজাহ: ৯৭৫; আবূ আওয়ানা: ২/৭৫; বাইহাকী: ৩/১০৬-১০৭; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫৩৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৬২২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন